গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

নং - ০৩.৭০৩.০১৪.০০.০০.১৬৮২.২০১৮(৪)- ৪৫৫৭ তারিখঃ ৭/০৬/২০১৮ খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
প্রধানমন্ত্রীর কার্যালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় ঃ ২০১৭-১৮ অর্থ বছরে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন "যার জমি আছে ঘর নেই তার নিজ জমিতে গৃহ নির্মাণ" উপ-খাতের আওতায় নিম্নলিখিত জেলার আওতাধীন উপজেলায় গৃহহীনদের জন্য ৮টি গৃহ নির্মাণ ব্যয় নির্বাহের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে অর্থ বরাদ্দ ।

আমি নিম্নলিখিত জেলার সংশ্লিষ্ট উপজেলায় "যার জমি আছে ঘর নেই তার নিজ জমিতে গৃহ নির্মাণ" উপ-খাতের আওতায় মোট ৮টি গৃহ নির্মাণ ব্যয় নির্বাহের জন্য উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে ৮,০০,০০০.০০(আট লক্ষ টাকা) টাকা বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ব্যয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অথরিটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি -

| ক্র.নং | জেলা | উপজেলা | ইউনিয়ন | গ্রাম | উপকারভোগীর নাম | উপকারভোগীর পিতা/স্বামী | ঘরের সংখ্যা | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ময়মনসিংহ | ফুলপুর | ফুলপুর | জাগিরকাজিয়া কান্দা | মো: মুক্তার উদ্দিন | ফজর আলী | ১ | ১০০০০০.০০ |
| ২ | ময়মনসিংহ | ফুলপুর | ২ নং রামভদ্রপুর | বাঘেধরা | হাওয়া বিবি | স্বামী মৃত -জামাল | ১ | ১০০০০০.০০ |
| ৩ | ময়মনসিংহ | ফুলপুর | ২ নং রামভদ্রপুর | বাঘেধরা | মো:সোবহান | কলিম উদ্দিন | ১ | ১০০০০০.০০ |
| ৪ | ময়মনসিংহ | ফুলপুর | ২ নং রামভদ্রপুর | বাঘেধরা | জামিলা খাতুন | স্বামী-ফিরোজ আলী | ১ | ১০০০০০.০০ |
| ৫ | ময়মনসিংহ | ফুলপুর | ২ নং রামভদ্রপুর | বাঘেধরা | মো: আলমগীর | মো: হারুন অর রশীদ | ১ | ১০০০০০.০০ |
| ৬ | ময়মনসিংহ | ফুলপুর | ২ নং রামভদ্রপুর | চরনিয়ামত | মো: শহিদুল ইসলাম | মৃত হাবিবুর রহমান | ১ | ১০০০০০.০০ |
| ৭ | ময়মনসিংহ | ফুলপুর | ২ নং রামভদ্রপুর | বাঘেধরা | শিরাজুল ইসলাম | মৃত আবু বকর ছিদ্দিক | ১ | ১০০০০০.০০ |
| ৮ | ময়মনসিংহ | ফুলপুর | বাদ্রাকান্দ্রা | নলচাপড়া | মো: হাছেন আলী | মৃত কেয়ামত আলী | ১ | ১০০০০০.০০ |
| | | | | সর্বমোট | | | ৮ | ৮০০০০০.০০ |
| | | | | কথায়- (আট লক্ষ টাকা) | | | | |

২। তালিকাভুক্ত উপকারভোগীদের যাদের ০১-১০ শতাংশ জমি আছে, কিন্তু ঘর নেই বা ঘর থাকলেও তা বসবাসের অনুপযোগী এ বিষয়ে নিশ্চিত হয়ে উপজেলা নির্বাহী অফিসার অর্থ ছাড় করবেন।

৩। প্রেরিত প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক গুণগতমান বজায় রেখে আগামী ৩০.০৬.২০১৮ ইং তারিখের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে। উল্লেখ্য যে, উপকারভোগীর সাথে পরামর্শ করে মূল কাঠামো পরিবর্তন না করে দরজা, জানালা এবং সুবিধাজনক স্থানে স্থানান্তর করা যেতে পারে।

৪। উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন টাস্কফোর্স এর সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষা দলের নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথোপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।

৫। উপজেলা নির্বাহী অফিসার এর সভাপতিত্বে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) এর মাধ্যমে ইতোমধ্যে প্রেরিত "যার জমি আছে ঘর নাই, তার নিজ জমিতে গৃহ নির্মাণ" নীতিমালা অনুযায়ী গঠিত কমিটি (পিআইসি) দ্বারা নির্মাণ কাজ বাস্তবায়ন করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার বরাদ্দকৃত অর্থ যার জমি আছে ঘর নাই বিষয়টি নিশ্চিত হয়ে অর্থ ব্যয় করবেন।

৬। উপজেলা নির্বাহী অফিসার কার্যাদেশ প্রদানের পর প্রকল্পের কাজ শেষ না হওয়া পর্যন্ত মাসিক অগ্রগতির প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহে অত্র দপ্তরে পৌছানো নিশ্চিত করবেন।

৭। এই ব্যয় ৭০০০ নির্মাণ ও পূর্ত খাতের আওতাধীন ৭০১১-"যার জমি আছে ঘর নাই সেক্ষেত্রে সিজিআইসীট ঘর নির্মাণ" উপ-খাতে ১ম হতে ৪র্থ কিস্তিতে ছাড়কৃত অর্থ হইতে নির্বাহ করা হবে।

৮। এই ব্যয় ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্রান্ট নং ০২ কোড নং ৫-০৩৩১-৬৫৩০-৭০১১ আশ্রয়ণ-২ প্রকল্প হতে সংকুলান করা হবে।

৯। কাজটি সম্পাদনের পর কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা ৩০শে জুন, ২০১৮ এর পূর্বে চালানের মাধ্যমে ১/০৩০১/০০০২/২৬৭১ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১০। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-১৫/মূসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪ খ্রিঃ এবং স্মারক নং-০৮.০১.০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬ তারিখঃ ৩০/০৪/২০১৪ খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মূসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

১১। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সহিত "emboss" সীল দেখে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।

সংযুক্ত ঃ প্লান, ডিজাইন ও প্রাক্কলন নিম্নোক্ত ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।

www.ashrayanpmo.gov.bd

Download (Click)

Estimate & Design (Owner's Land)

আপনার বিশ্বস্ত

৭।১।১৮

(আবুল কালাম শামসুদ্দিন)
প্রকল্প পরিচালক(যুগ্ম সচিব)
ফোন ঃ ৯১২৪১০০

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ**

১। বিভাগীয় কমিশনার, ------------------------।

২। প্রকল্প পরিচালক, একটি বাড়ী একটি খামার প্রকল্প, প্রবাসী কল্যান ভবন, ১২ তলা, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১২১৭।

৩। জেলা প্রশাসক, ----------------------------------।

৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ----------------------------, ----------------------(বরাদ্দকৃত অর্থ ব্যয়ের পর হিসাবভুক্তির জন্য অনুরোধ করা হ'ল)।

৫। উপজেলা নির্বাহী অফিসার, --------------------------, -------------------------।

৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ----------------------------, ----------------------(বরাদ্দকৃত অর্থ ব্যয়ের পর হিসাবভুক্তির জন্য অনুরোধ করা হ'ল)।

৭। উপজেলা প্রকৌশলী/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ----------------------------, ----------------------।

৮। প্রকল্প নথি/অফিস কপি।